

প্যারোডীঃ ভোর হোলো

রচনাঃ খন্দকার জাহিদ হাসান

মূলঃ কাজী নজরুল ইসলামের ‘ভোর হোলো’।

“ভোর হোলো দোর খোলো
কর্তা গো ওঠো রে,
ঐ দ্যাখো স্রেফ হাওয়া
কলা-কাঁদি দুটো রে!
খুলি’ তালা তুলি’ ডালা
ভারী ঠাসা বাক্স
খালি কোরে নিয়ে গেছে
সাথে টাকা একশ’।
এক সের নয় সের
সবে কেনা চিনি গম
ভরা থলে লাপাত্তা
বাড়ী করে থম্ থম্
ত্যাগি’ নীড় করে ভীড়
মুরগীরা গাছেতে,
লেগ্হর্গ দু’টি নেই
সেখা ধারে-কাছেতে।”

দোরগোড়ে চান ফিরে
প্রভু কোরে কী মনে,
তঁাকে ছেড়ে চটি জোড়া
গেছে প্রাতঃভ্রমণে!

সিড্‌নী,

০৫/০৮/২০০৪।